## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬

### বাংলা

১. 'জ্ঞানপাপী' বলে তাকে-
ক. জ্ঞানের বড়াই করে যে খ. সজ্ঞানে অন্যায় করে যে
গ. অনেক জ্ঞান আছে যার ঘ. বাস্তবে জ্ঞানের প্রয়োগ করে না যে

ব্যাখ্যা: জ্ঞানপাপী বলা হয় সজ্ঞানে যে অন্যায় করে।
সঠিক উত্তর : খ.

২. উপমান শব্দের অর্থ-
ক. তুলনা খ. তুলনীয় বস্তু গ. সাদৃশ্য ঘ. প্রত্যক্ষ বস্তু

ব্যাখ্যা: উপমা শব্দের অর্থ তুলনা। যার সাথে উপমা বা তুলনা করা হয় তাকে উপমান বলে। আর যার তুলনা করে তাকে বলে উপমিত বা উপমেয়। আর যে গুণ বা সাদৃশ্যের মাধ্যমে উপমান উপমেয় তুলনা করা হয় তাকে বলে সাধারণ ধর্ম। যেমন - 'চাঁদমুখ' শব্দের ক্ষেত্রে মুখকে চাঁদের সৌন্দর্যের সাথে তুলনা করা হয়। সে ক্ষেত্রে 'চাঁদ' - উপমান; 'মুখ' - উপমিত।
সঠিক উত্তর : খ.

৩. 'One man's meat is another man's Poison'- এর সঠিক অর্থ-
ক. কাক কাকের মাংস খায় না। খ. কারও সর্বনাশ, কারও পৌষ মাস।
গ. শত্রুর শেষ রাখতে নেই। ঘ. পরের কষ্টে খুশিতে বগল বাজানো।

ব্যাখ্যা: A burnt child dreads the fire - নেড়া বারবার বেলতলায় যায়।
A cat has nine lives - কই মাছের প্রাণ বড় শক্ত।
After death comes the doctor - চোর পালালে বুদ্ধি বাড়ে।
After meats comes mustard - নুন আনতে পান্তা ফুরায়।
All feet tread not in one shoe - নানা মুনির নানা মত।
One man's meat is another man's poison - কারও সর্বনাশ কারও পৌষ মাস।
সঠিক উত্তর : খ.

৪. 'দেখিয়ে সফেদ দেয়ালের শান্ত ফটোগ্রাফটিকে
বললাম জিজ্ঞাসু অতিথিকে'- চরণদ্বয়ে বিশেষণ রয়েছে:
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি

ব্যাখ্যা: যে পদ অন্য পদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে বা অন্য পদের সম্পর্কে ধারণা প্রকাশ করে তা ই বিশেষণ শব্দ। এখানে, সফেদ দেয়াল; শান্ত ফটোগ্রাফ; জিজ্ঞাসু আতিথি
মোট তিনটি বিশেষণ পদ আছে।
সঠিক উত্তর : গ.

৫. সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র "একটি তুলসীগাছের কাহিনী" ছোটগল্পে গোপনে তুলসী গাছের পরিচর্যা করেছে কে?
ক. ইউনুস খ. এনায়েত গ. আমজাদ ঘ. মকসুদ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

৬. 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে'- এখানে 'বিষাদে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. অপাদানে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. করণে ৭মী

ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের জন্য যন্ত্র, উপকরণ বা প্রক্রিয়াকেই করণ কারক বলে। ক্রিয়াকে 'কী দিয়ে' 'কীসের দ্বারা' 'কী উপায়ে' দ্বারা প্রশ্ন করলে করণ কারক পাওয়া যায়। এখানে ক্রিয়াকে 'কী উপায়ে' দ্বারা প্রশ্ন করলে 'বিষাদে' পাওয়া যায় তাই এটি করণ কারক।
সঠিক উত্তর : ঘ.

৭. "অর্ধাঙ্গী" প্রবন্ধে উল্লেখ আছে: কোন দেশের মেয়েরা ছাতা ব্যবহারের অধিকারী ছিল না?
ক. ভারত খ. পাকিস্তান গ. ইরান ঘ. ইরাক

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

৮. 'ত্বরা'- এর বিপরীত শব্দ-
ক. তাড়াতাড়ি খ. তাৎক্ষণিক
গ. বিলম্ব ঘ. অপেক্ষা

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ -

| | | | |
|---|---|---|---|
| কুলীন | অন্ত্যজ | বিষাদ | প্রসাদ |
| শ্যামল | গৌরাঙ্গ | হাল | সাবেক |
| লয় | সৃষ্টি | ক্ষিপ্র | মন্থর |
| যোজক | প্রণালি | হরদম | কদাচিৎ |
| প্রাচী | প্রতীচী | ত্বরা | বিলম্ব |

সঠিক উত্তর : গ.

৯. 'বালতি' কোন ভাষার শব্দ-
ক. দেশি খ. সংস্কৃত গ. পর্তুগিজ ঘ. ফারসি

ব্যাখ্যা: পর্তুগিজ ভাষার শব্দ তালিকা - আলমারি, আলপিন, আনারস, বালতি, গুদাম, মার্কা, সাবান, কাবাব, মাস্তুল, তামাক, গরাদ, চাবি, বারান্দা, কামরা, কেরানি ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

১০. ভুল বানান কোনটি?
ক. সমীচিন খ. শিহরণ গ. দ্বন্দ্ব ঘ. জিগীষা

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বানান -

| | | |
|---|---|---|
| কৌতূহল | মুহুর্মুহু | অত্যন্ত |
| পৌরোহিত্য | কৃচিৎ | জ্যোৎস্না |
| স্বরস্বতী | মনঃ কষ্ট | পৈতৃক |
| উজ্জ্বল | বিদূষী | লজ্জাকর |
| সন্ন্যাসী | শ্রদ্ধাঞ্জলি | সমীচীন |

সঠিক উত্তর : ক.

১১. ধ্বন্যাত্মক অব্যয় নয় কোনটি?
ক. শির শির খ. তির তির গ. মড় মড় ঘ. ধড়ফড়

ব্যাখ্যা: যে সকল অব্যয় রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় সেগুলো অনুকার অব্যয়। অনুকার অব্যয় এর আরেক নাম ধন্যাত্মক অব্যয়। উদাহরণ - কড় কড়, ঝম ঝম, কা কা, ঝাঁ ঝাঁ, শির শির, মড় মড়, ধড়ফড়, গুড় গুড়, খট খট, ছম ছম ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

১২. "একুশের গল্প"- এর তপুরা কোথায় বেড়াতে যেত?
ক. ইস্কাটন, আজিমপুর, বুড়িগঙ্গা খ. আজিমপুর, নিউমার্কেট, ইস্কাটন
গ. বুড়িগঙ্গা, রমনা, ইস্কাটন ঘ. ইস্কাটন, নিউমার্কেট, বুড়িগঙ্গা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৩. Cosmic- এর পরিভাষা-
ক. প্রসাধনী খ. সৃষ্টি গ. মহাজাগতিক ঘ. প্রলয়

ব্যাখ্যা: Cosmic - মহাজাগতিক
Demotion - পদাবনতি
Ad. hoc - তদর্থক/অস্থায়ী
Worship - পূজা/ইবাদত
Data - উপাত্ত
Vacancy - খালি
Goodwill - সুনাম
Copy - প্রতিলিপি
Air-mail - বিমান ডাক
Gazetted - ঘোষিত
সঠিক উত্তর : গ.

১৪. যে স্বামীর স্ত্রী প্রবাসে থাকে তাকে কী বলে?
ক. প্রোষিতভর্তৃকা খ. প্রোষিতপত্নীক গ. প্রবাসিনী ঘ. প্রোষিতা

ব্যাখ্যা: যে নারীর স্বামী বিদেশ থাকে - প্রোষিত ভতৃকা।
যে স্বামীর স্ত্রী বিদেশ থাকে - প্রোষিত পত্নীক।
যে নারী নিজে বর বরণ করে নেয় - স্বয়ংবরা।
সঠিক উত্তর : খ.

১৫. 'অলখের পাথার বাহিয়া/তরী তার এসেছে কি'?- কার তরী?
ক. গ্রীষ্মের খ. বর্ষার গ. শীতের ঘ. বসন্তের

ব্যাখ্যা: 'তাহারেই পড়ে মনে' কবিতার সংশ্লিষ্ট লাইন-
কহিল সে সুদূরে চাহিয়া-
"অলখের পাথার বাহিয়া
তরী তার এসেছে কি? বেজেছে কি আগমনী গান?
ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখি নি সন্ধান"
কহিলাম, "ওগো কবি! রচিয়া লহ না আজও গীতি,
বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি - এ মোর মিনতি।"
সঠিক উত্তর : ঘ.

এখানে ■ চিহ্নের সাহায্যে 'বাংলা'র পুরাতন সিলেবাসের প্রশ্নসমূহকে চিহ্নিত করা হয়েছে।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৬. 'হা-ঘরে' কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. দ্বিগু

ব্যাখ্যা: ঘর নাই যার - হা-ঘরে - নঞ বহুব্রীহি সমাস।
সঠিক উত্তর ঃ খ.

১৭. 'কাল ছিলে কোথা?'- আদালতে উকিলের এ প্রশ্নের উত্তরে কমলাকান্ত বলেছে-
ক. মোকামে খ. বাটীতে গ. পর্যটনে ঘ. একখানা দোকানে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ঘ.

১৮. 'কী অকলঙ্ক শুভ্র সে, কী নিবিড় পবিত্র।'- কে, কার প্রসঙ্গে এ কথা বলেছেন?
ক. ন্যাড়া, বিলাসী প্রসঙ্গে খ. অপু, হৈমন্তী প্রসঙ্গে
গ. প্রাবন্ধিক, নারীজাতি প্রসঙ্গে ঘ. রেণু, তপু প্রসঙ্গে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ খ.

১৯. বাঘ-ময়ূর-সিংহ ও সাপের উল্লেখ রয়েছে কোন কবিতায়?
ক. জীবন-বন্দনা খ. বাংলাদেশ গ. কবর ঘ. পাঞ্জেরী

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ক.

২০. 'পশু+অধম' এর সন্ধিসাধিত রূপ কোনটি?
ক. পশ্যাধম খ. পশ্বধম গ. পশ্বাধম ঘ. পশ্বধম

ব্যাখ্যা: পশু + অধম = পশ্বধম; তনু + ঈ = তন্বী।
সু + আগত = স্বাগত; সু + অল্প = স্বল্প।
অনু + অয় = অন্বয়; অনু + এষা = অন্বেষা।
সঠিক উত্তর ঃ খ.

২১. কোন বাক্যে সমধাতুজ ক্রিয়া রয়েছে-
ক. সে হাসিয়া উঠিল। খ. সে হাসিতেছিল।
গ. সে বিস্ময়ের হাসি হাসিল ঘ. সে হাসতে লাগল

ব্যাখ্যা: বাক্যের ক্রিয়া ও কর্ম একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বলে।
• উদাহরণ - এমন সুখের মরণ কে মরতে পারে। বেশ এক ঘুম ঘুমিয়েছি।
অনুরূপভাবে - সে বিস্ময়ের হাসি হাসিল।
সঠিক উত্তর ঃ গ.

২২. দ্রাখথমে > দ্রম্য > দাম শব্দটির বিবর্তন হলো যেভাবে-
ক. প্রাচীন পারসিক থেকে বাংলা খ. প্রাচীন গ্রিক থেকে বাংলা
গ. প্রাচীন দ্রাবিড় থেকে বাংলা ঘ. প্রাচীন অস্ট্রিক থেকে বাংলা

ব্যাখ্যা: বাংলা ভাষায় ব্যবহৃত গ্রিক শব্দ-
সুড়ঙ্গ, কেন্দ্র, হোরা, দাম, ময়দা, জমিত্র, যবনিকা।
সঠিক উত্তর ঃ খ.

২৩. শুদ্ধ বানানে সংকলিত গুচ্ছ কোনটি?
ক. মধ্যাহ্ন, বক্ষমাণ, মহত্ত্ব খ. প্রোজ্জ্বল, পরাস্থ, সন্ত্রিক
গ. উচ্ছল, স্বায়ত্তশাসন, প্রজ্বলিত ঘ. পরিবহন, পক্ক, ভস্ম

ব্যাখ্যা: শুদ্ধরূপ - মধ্যাহ্ন, বক্ষ্যমান, মহত্ত্ব, পরাস্ত, সস্ত্রীক, পক্ব, পরিবহণ।
সঠিক উত্তর ঃ গ.

২৪. "সোনার তরী" কবিতাভুক্ত 'ভরা পালে চলে যায়'- এই চরণের পরের চরণ কোনটি?
ক. ঢেউগুলি নিরুপায় খ. কোনো দিকে নাহি চায়
গ. যারে খুশি তারে দেয় ঘ. গান গেয়ে তরী বায়

ব্যাখ্যা: সোনারতরী কবিতার কতিপয় চরণ-
"গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!
দেখে যেন মনে হয় চিনি উহারে।
ভরা পালে চলে যায়,
কোনো দিকে নাহি চায়,
ঢেউগুলি নিরুপায়
ভাঙে দু ধারে-
দেখে যেন মনে হয় চিনি উহারে।"
সঠিক উত্তর ঃ খ.

২৫. "কলিমদ্দি দফাদার" গল্পের ঘটনাকাল ১৯৭১ সালের-
ক. ভাদ্র মাসের শেষের দিকের কোনো বুধবার
খ. অগ্রাহায়ণ মাসের তৃতীয় বুধবার
গ. শ্রাবণ মাসের শেষের বৃহস্পতিবার
ঘ. আষাঢ় মাসের প্রথম বৃহস্পতিবার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর ঃ ক.

## English

**Read the following passage and answer questions (1-5)**

Use of electronic mail (e-mail) has been widespread for more than a decade and a half. E-mail simplifies the flow of ideas, connects people from distant offices, eliminates the need for meetings, and often boosts productivity. However, e-mail should be carefully managed to avoid unclear and inappropriate communication. E-mail messages should be concise and limited to one topic. When complex issues need to be addressed, phone calls are still the best.

**1. Which of the following would be the most appropriate title for the passage?**
A. Appropriate Use of E-Mail
B. E-Mail's Popularity
C. E-Mail : The Ideal Form of Communication
D. Why Phone Calls Are Better Than E-Mail

ব্যাখ্যা: Passage এর শুরুতে E-mail সম্পর্কে ভূমিকা দেওয়া আছে, পরবর্তীতে মূলত E-mail এর যথার্থ ব্যবহার নিয়েই আলোচনা করা হয়েছে। সে হিসেবে অপশন (A) ই Perfect.
Ans : A.

**2. The main idea of the paragraph is that e-mail**
A. is not always the easiest way to connect people from distant offices
B. has changed considerably since it first began a decade and a half ago
C. causes people to be unproductive when it is used incorrectly
D. is effective for certain kinds of messages but only if managed wisely.

ব্যাখ্যা: Passage এর শেষ অংশ পড়লেই Main idea সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে। এবং অপশন (D) ই Main Idea Represent করে।
Ans : D.

**3. The word 'eliminate' means**
A. remove B. initiate C. establish D. set up

ব্যাখ্যা: Eliminate - বর্জন করা, উচ্ছেদ করা।
Synonym - Remove, Disregard, Eject, Exclude
Antonym - Accept, Include, Welcome
Ans : A.

**4. The word 'productivity' is a/an**
A. adjective B. noun C. verb D. adverb

ব্যাখ্যা: Productive - adj - উৎপাদনশীল।
Productively - adv - উৎপাদনশীলভাবে।
Productivity - n - উৎপাদন ক্ষমতা।
Ans : B.

**5. The passage suggests that e-mail messages should be**
A. unclear B. detailed C. clear-cut D. frequent

ব্যাখ্যা: Passage এ বলা আছে - e-mail should be carefully managed to avoid unclear and inappropriate communication. অর্থাৎ email clear-cut হওয়া উচিত।
Ans : C.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

*Which of the following sentences is correct (6-7)*

6. A. It was mistake of judgment.
B. It was an error of judgment.
C. It was a wrong of judgement.
D. It was a gaffe of judgment.

ব্যাখ্যা: Judgement এর সাথে error হয়।
Error of judgement - বিচারের ভুল।
Ans : B.

7. A. Do you know who the house belongs to?
B. Do you know whom does the house belong to?
C. Do you know to whom the house belongs to?
D. Do you know who the house belong to?

ব্যাখ্যা: Embedded Question এর উদাহরণ-
Subject + Verb + Question word + Subject + Verb
Ans : A.

**8. Choose the incorrectly spelled word**
A. preseverence B. conscientious
C. committee D. connoisseur

ব্যাখ্যা:

| | |
|---|---|
| Preseverance | Hierarchy |
| Amateur | Intelligence |
| Accommodate | Jewelry |
| Consensus | Liaison |
| Guarantee | Mischievous |

Ans : A.

*Choose the correct preposition (9-10)*

**9. The train to Rajshahi departed......... the platform.**
A. with B. at C. from D. on

ব্যাখ্যা: Depart এর পর Preposition হিসেবে from বসে।
Depart from - ছেড়ে যাওয়া।
Ans : C.

**10. He felt bad....... no reason at all.**
A. of B. for C. in D. on

ব্যাখ্যা: কারণ বা প্রয়োজনীয়তা বোঝাতে good/bad এর পর for বসে।
Ans : B.

**11. The antonym of the word 'sombre' is-**
A. sleepy B. dismal C. drab D. bright

ব্যাখ্যা: Sombre - অন্ধকারাচ্ছন্ন
Synonym - Ebony, Brunt, Dark
Antonym - Bright, White
Ans : D.

**12. The synonym of the word 'tumult' is-**
A. composure B. commotion C. calm D. tranquility

ব্যাখ্যা: Tumult - হইহল্লো, হৈচৈ
Synonym - Commotion, Clamor, Quarrel, Fuss
Antonym - Calmness, Order, Peace
Ans : B.

*Complete the statements with appropriate choices (13-15)*

**13. I think I've made our position very......... .**
A. clarified B. clearly C. clear D. cleared

ব্যাখ্যা: এখানে Verv adverb হিসেবে বসবে। সুতরাং Fill in the gap এ adjective হিসেবে clear বসবে।
Ans : C.

**14. A local company has agreed to...... the school team with football shirts.**
A. contribute B. supply C. give D. produce

ব্যাখ্যা: Supply with - যোগান দেওয়া; সরবরাহ করা।
Ans : B.

**15. I really enjoy stories that are....... in the distant future.**
A. found B. set C. put D. positioned

ব্যাখ্যা: Fill in the gap এ set ই সবচেয়ে meaningful.
Ans : B.

*Choose the word that is closest in meaning to the word in italics (16-18)*

**16. We have been able to *disburse* over 20 percent funds allocated against the World Bank endorsed projects.**
A. procure B. distribute
C. spend properly D. collect

ব্যাখ্যা: Disburse (V.)- To pay out money from a fund which has been collected for a particular purpose.
Ans : B.

**17. Bangladesh has made *considerable* progress in the last few decades.**
A. trivial B. amazing C. significant D. absolute

ব্যাখ্যা: Considerable - উল্লেখযোগ্য
Synonym : Significant, Appreciable, Tidy
Antonym : Arduous, Intricate, Laborious
Ans : C.

**18. The Taka has dropped by three poisha against the dollar after beings *steady* against the greenback for more than eight months.**
A. strong B. fixed C. stable D. certain

ব্যাখ্যা: Steady - স্থিতিশীল
Synonym - Stable, Abiding, Sure, Stabile
Antonym - Unfixed, Weak
Ans : C.

*Choose the best option (19-21)*

**19. If I thought I could........ it, I wouldn't pay my taxes at all.**
A. do away with B. put up with
C. get away with D. grow out of it

ব্যাখ্যা: Do away with - বাতিল করা
Put up with - সহ্য করা
Get away with - অন্যায় করেও পার পাওয়া
Grow out of - কোন কিছুর উদ্ভব হওয়া
Fill in the gap এ অপশন (C) ই সবচেয়ে Perfect.
Ans : C.

**20. You can...... Zaman to get the job done.**
A. count on B. hold on C. give in D. call of

ব্যাখ্যা: Count On - নির্ভর করা
Hold On - থামা, তাড়াহুড়ো না করা
Give in - আত্মসমর্পন করা, কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া
Call off - ডেকে পাঠানো
Ans : A.

**21. Come........., she will not change her mind.**
A. what may B. whatever
C. which may D. off it

ব্যাখ্যা: Come what may - whatever happens/যা কিছুই ঘটুক না কেন। Sentence টির অর্থ হচ্ছে- 'যা কিছুই ঘটুক না কেন, সে তার সিদ্ধান্ত/মত পরিবর্তন করবে না।'
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

*Choose the verb that agrees with the subject (22-23)*

**22. He...... the ball so hard that it flew over the tree.**

A. hitted B. hit C. hitting D. hits

ব্যাখ্যা:

| Present | Past | Past Participle |
|---|---|---|
| Hit | Hit | Hit |

সুতরাং Fill in the gap এ অপশন (B) ই Perfect

**Ans : B.**

**23. Each member of the large family..... his own set of priorities.**

A. have B. is C. has D. are

ব্যাখ্যা: Rule : Each + noun এর পরের Verb টি Singular হয়।

**Ans : C.**

**24. Nazrul,...... is our national poet, was also a soldier.**

A. whom B. he C. who D. what

ব্যাখ্যা: এখানে ব্যক্তি (Nazrul) এর পরিবর্তে Who বসেব।

**Ans : C.**

**25. Leap years,......... have 366 days, contain an extra day in February.**

A. that B. which C. where D. when

ব্যাখ্যা: Leap year এখানে বস্তুবাচক হিসেবে ব্যবহৃত হয়েছে তাই Fill in the gap - এ which ই Perfect

**Ans : B.**

## বাংলাদেশ বিষয়াবলি

**১. ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম কী?**

ক. বিজয়' ৭১ খ. বিজয় কেতন গ. উল্লাস ঘ. ঐতিহ্য

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধ ভিত্তিক কয়েকটি জাদুঘর-
মুক্তিযুদ্ধ জাদুঘর (প্রথম) - ঢাকায় সেগুনবাগিচায়।
স্বাধীনতা জাদুঘর - ঢাকার সোহরাওয়ার্দী উদ্যান।
বিজয় কেতন জাদুঘর - ঢাকা ক্যান্টনম্যান্ট।
শহীদ স্মৃতি জাদুঘর - রাজশাহী বিশ্ববিদ্যালয়।

সঠিক উত্তর ঃ খ.

**২. বাংলাদেশ যে আন্তর্জাতিক সংস্থার সদস্য নয়-**

ক. সার্ক খ. আসিয়ান গ. ন্যাম ঘ. ডি-৮

ব্যাখ্যা: বাংলাদেশ এখন পর্যন্ত যে সব রাজনৈতিক এবং অর্থনৈতিক জোটের সদস্য নয়-

| নাম | সদর দপ্তর |
|---|---|
| OECD | প্যারিস |
| OPEC | ভিয়েনা, অস্ট্রিয়া |
| ASEAN | জাকার্তা, ইন্দোনেশিয়া |
| APEC | সিঙ্গাপুর |
| ইউরোপীয় ইউনিয়ন (EU) | ব্রাসেলস, বেলজিয়াম |
| আফ্রিকান ইউনিয়ন(AU) | ইথিওপিয়া |
| আরব লীগ | কায়রো, মিশর |
| BENLUX | ব্রাসেলস, বেলজিয়াম |
| ECO | তেহরান, ইরান |

সঠিক উত্তর ঃ খ.

**৩. ফেইসবুক-এর সহ-প্রতিষ্ঠাতা কোন বাংলাদেশী?**

ক. জাওয়েদ করিম খ. জিয়া হায়দার রহমান
গ. সালমান খান ঘ. অমিত চাকমা

ব্যাখ্যা: বাংলদেশী বংশোদ্ভুত অনলাইন জগতের গুরুত্বপূর্ণ ব্যক্তি-
জাওয়াদ করিম - You Tube এর সহ প্রতিষ্ঠাতা।
সালমান খান - শিক্ষা বিষয়ক সাইট খান একাডেমির প্রতিষ্ঠাতা
সুমাইয়া কাজী - সামাজিক যোগাযোগ মাধ্যম Sumazi. Com এর প্রতিষ্ঠাতা।
বিঃ দ্রঃ- ফেইসবুক এর কোন সহ প্রতিষ্ঠাতা বাংলাদেশী নয়।

সঠিক উত্তর ঃ নাই.

**৪. "আমার ভাইয়ের রক্তে রাঙানো" গানটির বর্তমান সুরটির পরিচালক কে?**

ক. আবদুল লতিফ খ. আলতাফ মাহমুদ
গ. আবদুল গাফ্ফার চৌধুরী ঘ. সমর দাস

ব্যাখ্যা: 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' গানটির রচয়িতা আবদুল গাফফার চৌধুরী।
১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারী তিনি গানটি রচনা করেন। প্রথমে শিল্পী আবদুল লতিফ সুরারোপ করেন। পরবর্তীতে শিল্পী আলতাফ মাহমুদের করা সুরই জনপ্রিয়তা লাভ করে, বর্তমানে এই সুরটিই প্রচলিত।
● ১৯৬৯ সালে জহির রায়হান তার 'জীবন থেকে নেওয়া' চলচ্চিত্রে গানটি ব্যবহার করেন।

সঠিক উত্তর ঃ খ.

**৫. "দ্য রাইজ অফ ইসলাম অ্যান্ড দ্য বেঙ্গল ফ্রন্টিয়ার" গ্রন্থটি কে লিখেছেন?**

ক. রিচার্ড ইটন খ. ওরিয়ানা ফালাচি গ. রিচার্ড ডকিন্স ঘ. আর্চার ব্লাড

সঠিক উত্তর ঃ ক.

**৬. আইএসবিএন কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়-**

ক. বই খ. সাময়িকী গ. সফ্টওয়্যার ঘ. হার্ডওয়্যার

ব্যাখ্যা: ISBN - International Standard Book Number

সঠিক উত্তর ঃ ক.

**৭. বিদেশীদের মধ্যে একমাত্র কে বীরপ্রতীক খেতাবে ভূষিত হন?**

ক. মার্ক টালি খ. ফাদার রেগান
গ. আঁদ্রে মালরো ঘ. উইলিয়াম উডারল্যান্ড

ব্যাখ্যা: উইলিয়াম এ এস উডারল্যান্ড-
● তিনি ওলন্দাজ - অস্ট্রেলীয় সামরিক অফিসার ছিলেন।
● বিদেশীদের মধ্যে একমাত্র বীর প্রতিক খেতাব প্রাপ্ত।
● ২নং সেক্টরের গেরিলা শাখায় কাজ করতেন।
● মুক্তিযুদ্ধের সময় তিনি বাটা স্যুতে কর্মরত ছিলেন।

সঠিক উত্তর ঃ ঘ.

**৮. বাংলাদেশে প্রথম ভ্যাট চালু হয়-**

ক. ১৯৭৩ সালে খ. ১৯৮৬ সালে গ. ১৯৯১ সালে ঘ. ১৯৯৬ সালে

ব্যাখ্যা: ● মূল্য সংযোজন কর বা ভ্যাট বাংলাদেশে চালু হয় ১৯৯১ সালে।
● প্রথম চালু করেন - সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমান।

সঠিক উত্তর ঃ গ.

**৯. সম্প্রতি বাংলাদেশে ২০০ বছরের পুরোনো মুদ্রা কোথায় পাওয়া গেছে?**

ক. উল্লাপাড়ার কানসোনায় খ. পাবনার বেড়াতে
গ. ঈশ্বরদীর মোহনগঞ্জে ঘ. আখাউড়ার গঙ্গানগর গ্রামে

সঠিক উত্তর ঃ ঘ.

**১০. দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশনটি কোথায় হবে?**

ক. কক্সবাজার খ. কুয়াকাটা গ. সেন্টমার্টিন ঘ. টাঙ্গাইল

ব্যাখ্যা: ● প্রথম সাবমেরিন ল্যান্ডিংস্টেশন স্থাপিত হয় - কক্সবাজারের।
● ঝিলংঝায় দ্বিতীয় সাবমেরিন ল্যান্ডিং স্টেশন স্থাপিত হবে - পটুয়াখালীর কুয়াকাটায়।

সঠিক উত্তর ঃ খ.

**১১. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী জনগণের প্রত্যাশিত গড় আয়ুষ্কাল কত?**

ক. ৬০.৫ খ. ৭০.৫ গ. ৭০.৭ ঘ. ৮০

ব্যাখ্যা: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৫-
মোট জনসংখ্যা বৃদ্ধি হার - ১.৩৬%
জনসংখ্যা ঘনত্ব - ১০৩৫ বর্গ কিলোমিটার
গড় আয়ুষ্কাল - ৭০.৭ বছর (পুরুষ - ৬৯.৯; নারী - ৭১.৫ বছর)।
● বর্তমানে - ৭২.৮ বছর (২০২১)।

সঠিক উত্তর ঃ গ.

**১২. নিচের কোন দিনটি বাংলাদেশে 'সংবিধান দিবস' হিসেবে পালিত হয়?**

ক. ১৭ এপ্রিল খ. ১৬ ডিসেম্বর গ. ৪ নভেম্বর ঘ. ১২ অক্টোবর

ব্যাখ্যা: ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর সংবিধান বাংলাদেশের জাতীয় সংসদে গৃহীত হয় এবং ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তা কার্যকর হয়।
● ৪ঠা নভেম্বরকে সংবিধান দিবস হিসেবে ঘোষনা দেওয়া হয়।

সঠিক উত্তর ঃ গ.

**১৩. কান্তজি মন্দির কোন জেলায় অবস্থিত?**

ক. জয়পুরহাট খ. কুমিল্লা গ. দিনাজপুর ঘ. রাঙ্গামাটি

ব্যাখ্যা: দিনাজপুরে অবস্থিত ঐতিহাসিক স্থাপনা-
রামসাগর, কান্তজির মন্দির, সীতাকোট বিহার।

সঠিক উত্তর ঃ গ.

আমার সবাকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. দেশের প্রথম এজেন্ট ব্যাংকিং চালু করে কোন ব্যাংক?
ক. ব্যাংক এশিয়া খ. মার্কেন্টাইল ব্যাংক
গ. ইস্টার্ন ব্যাংক ঘ. ব্র্যাক ব্যাংক
সঠিক উত্তর ঃ ক.

১৫. ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী প্রথম ছাত্রীর নাম কী?
ক. বেগম সুফিয়া কামাল খ. লীলা নাগ
গ. প্রীতিলতা ওয়াদ্দেদার ঘ. জাহানারা ইমাম
ব্যাখ্যাঃ • লীলা নাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী ছিলেন।
• ১৯২১ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইংরেজী বিষয়ে এম.এ ভর্তি হন।
সঠিক উত্তর ঃ খ.

১৬. মানব উন্নয়ন সূচক ২০১৪ এ বাংলাদেশের অবস্থান কত?
ক. ১৪২ খ. ১৪০ গ. ১৪১ ঘ. ১৪৫
ব্যাখ্যাঃ মানব উন্নয়ন সূচক ২০১৫ তে - এ বাংলাদেশের অবস্থান ১৪২তম।
সঠিক উত্তর ঃ ক.

১৭. বাংলাদেশের জিডিপিতে কোন খাতের অবদান সর্বাধিক?
ক. কৃষি খ. শিল্প গ. পরিবহন ঘ. সেবা
সঠিক উত্তর ঃ ঘ.

১৮. বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে কতজন নারী মুক্তিযোদ্ধা তাদের অনন্য অবদানের জন্য বীর প্রতীক খেতাব ভূষিত হয়েছেন?
ক. ৫ খ. ৭ গ. ১০ ঘ. কোনোটিই নয়
ব্যাখ্যাঃ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের দুই জন খেতাবপ্রাপ্ত নারী হলেন - তারামন বিবি ও সেতারা বেগম।
সঠিক উত্তর ঃ ঘ.

১৯. কোনটি বাংলাদেশের প্রথম ভাসমান হাসপাতাল?
ক. জীবন তরী খ. বিএনএস পদ্মা গ. হজরত শাহ্জালাল ঘ. লাইফবয়
ব্যাখ্যাঃ ১৯৯৯ সালে ইমপ্যাক্ট ফাউন্ডেশন প্রথম জীবনতরী নামে ভাসমান হাসপাতাল চালু করে।
সঠিক উত্তর ঃ ক.

২০. ১৭ এপ্রিল, ১৯৭১ সনে মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে?
ক. আবদুল মান্নান খ. মোহাম্মদ ইউসুফ আলী
গ. তাজউদ্দীন আহমেদ ঘ. সৈয়দ নজরুল ইসলাম
ব্যাখ্যাঃ • মুজিবনগর সরকার গঠিত হয় - ১৭ এপ্রিল ১৯৭১।
• সরকার গঠনের স্থান - কুষ্টিয়া জেলার মেহেরপুরের বৈদ্যনাথ তলার আমবাগান।
• শপথ বাক্য পাঠ করান - ইউসুফ আলী।
• শপথ অনুষ্ঠান পরিচালনা করেন - আব্দুল মান্নান এমএনএ।
সঠিক উত্তর ঃ ক.

২১. বর্তমান মন্ত্রিসভায় নারী সদস্য সংখ্যা কত জন?
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. একজনও নেই
সঠিক উত্তর ঃ খ.

২২. বাংলাদেশের বিজ্ঞানীরা প্রথমবারের মতো কোন প্রাণীর 'জীবনরহস্য' উন্মোচন করেছেন?
ক. মহিষ খ. গরু গ. ভেড়া ঘ. মুরগি
ব্যাখ্যাঃ সম্প্রতি মহিষের জীবন রহস্য উদ্ভাবন করেন বাংলাদেশের বিজ্ঞানীরা। বেসরকারী প্রতিষ্ঠান লালতীর এর বিজ্ঞানীরা এ গবেষণা কর্ম পরিচলনা করেন।
সঠিক উত্তর ঃ ক.

২৩. বাংলাদেশ ও ভারতের সমুদ্রসীমা বিরোধ নিস্পত্তির মামলা হয় কোন আদালতে?
ক. জেনেভা সালিশি আদালত
খ. স্থায়ী সালিশি আদালত (নেদারল্যান্ডস)
গ. নুরেমবার্গ বিচার আদালত
ঘ. হেগ ইন্টারন্যাশনাল (আরেবিট্র্যাশন কোর্ট)
ব্যাখ্যাঃ বাংলাদেশ ও ভারতের সমুদ্রসীমা বিরোধের মামলা নিস্পত্তি হয় আন্তর্জার্তিক স্থায়ী সালিশি আদালত (Permanent Court of Arbitration)
• কার্যালয় - হেগ, ন্যাদারল্যান্ড
সঠিক উত্তর ঃ খ.

২৪. দেশের প্রথম হাইটেক পার্ক কোথায় নির্মিত হবে?
ক. কালিয়াকৈর, গাজীপুর খ. লাউয়াছড়া, মৌলভীবাজার
গ. নবীনগর, সাভার ঘ. বিরিশিরি, নেত্রকোনো
ব্যাখ্যাঃ বাংলাদেশের প্রথম হাইটেক পাক নির্মিত হবে গাজীপুরে কালিয়াকৈর-এ।
সঠিক উত্তর ঃ ক.

২৫. যোগাযোগ মন্ত্রণালয়ের বর্তমান নাম কী?
ক. সেতু মন্ত্রণালয় খ. সড়ক পরিবহন
গ. সেতু-যোগাযোগ মন্ত্রণালয় ঘ. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সঠিক উত্তর ঃ ঘ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

১. ২০২২ সালে ফিফা বিশ্বকাপের আয়োজক দেশ কোনটি?
ক. কাতার খ. জাপান গ. দক্ষিণ কোরিয়া ঘ. আরব আমিরাত
ব্যাখ্যাঃ • ২০১৮ সালের ফিফা বিশ্বকাপের আয়োজক - রাশিয়া।
• ২০২২ সালের ফিফা বিশ্বকাপের আয়োজক - কাতার।
সঠিক উত্তর ঃ ক.

২. বাংলাদেশের পদার্থ বিজ্ঞানী ড. জাহিদ হাসান কোন বিশ্ববিদ্যালয়ে কাজ করেন?
ক. হার্ভার্ড খ. প্রিন্সটন গ. ইয়েল ঘ. কলম্বিয়া
ব্যাখ্যাঃ বাংলাদেশের বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী ড. জাহিদ হাসান বর্তমানে যুক্তরাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ে কর্মরত আছেন।
তার গুরুত্বপূর্ণ আবিষ্কার - 'ভাইল ফার্মিয়ন' বা অধরা কণা নামে গুরুত্বপূর্ণ কণা।
সঠিক উত্তর ঃ খ.

৩. সাম্প্রতিক ২০১৫ সালের এপ্রিল মাসে নেপালে সংঘটিত ভূমিকম্পটি কী নামে পরিচিত?
ক. পোখরা ভূমিকম্প খ. চিতয়ান ভূমিকম্প
গ. গোর্খা ভূমিকম্প ঘ. নগরভূম ভূমিকম্প
ব্যাখ্যাঃ ২০১৫ সালের ২৫শে এপ্রিল নেপালে সংগঠিত ভূমিকম্পটি গোর্খা ভূমিকম্প হিসেবে পরিচিত ছিল। ভূমিকম্পটি প্রায় ৭.৮ মাত্রার ছিল। এতে প্রায় নয় হাজার মানুষ প্রাণ হারায়।
সঠিক উত্তর ঃ গ.

৪. সাহিত্যে নোবেল পুরস্কারজয়ী প্রথম মহিলা কে?
ক. পার্ল বাক খ. সিগ্রিড উন্দসেট
গ. গ্রেজিয়া ডেলেদ্দা ঘ. সেলমা লেগারলফ
ব্যাখ্যাঃ সুইডিশ নাগারিক সালমা লেগেরলফ ১৯০৯ সালে প্রথম মহিলা হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার পান।
• পদার্থে প্রথম - মেরী কুরি - ১৯০৩ সালে।
• রসায়নে প্রথম - মেরী কুরি - ১৯১১ সালে।
• চিকিৎসা বিজ্ঞানে প্রথম - গার্তে তেরেসা কুরি - ১৯৪৭ সালে।
• শান্তিতে প্রথম - বার্তা ভন সুতনার - ১৯০৫ সালে।
• অর্থনীতিতে প্রথম - ইলিনর অস্ট্রাম - ২০০৯ সালে।
সঠিক উত্তর ঃ ঘ.

৫. বিশ্বকাপ ক্রিকেট ২০১৯ অনুষ্ঠিত হবে-
ক. অস্ট্রেলিয়া খ. ইংল্যান্ড গ. দক্ষিণ আফ্রিকা ঘ. নিউজিল্যান্ড
ব্যাখ্যাঃ • ২০১৯ সালে দ্বাদশ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে - ইংল্যান্ডে ও ওয়েলসে।
• ২০২৩ সালের এয়োদশ বিশ্বকাপ অনুষ্ঠিত হবে - ভারতে।
সঠিক উত্তর ঃ খ.

৬. 'স্ট্যাচু অফ পিস' কোথায় অবস্থিত?
ক. নাগাসাকি খ. নিউ ইয়র্ক গ. লন্ডন ঘ. পিসা
ব্যাখ্যাঃ Statue of Peace - জাপানের নাগাসাকিতে ১৯৫৫ সালে হয়।
Statue of Liberty - যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক - ১৮৮৬ সালে।
Christ the Redeemer - ব্রাজিলের রিও ডি জেনিরো - ১৯৩১ সালে।
David Statue - ইতালির ফ্লোরেন্সে - ১৮৭৩ সালে।
Statue of unity - ভারতের গুজরাটে - ২০১৪ সালে।
সঠিক উত্তর ঃ ক.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৭. বিমসটেক এর সদর দফতর কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. ব্যাংকক গ. নয়াদিল্লি ঘ. কাঠমান্ডু

ব্যাখ্যা: বাংলাদেশে যে সকল আন্তজার্তিক সংস্থার দপ্তর- CIRDAP, icddr,b ; আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, BIMSTEC, আন্তর্জাতিক পাট গবেষণা গ্রুপ (IJSG)
সঠিক উত্তর ঃ ক.

৮. কোন দেশটি ইউরো মুদ্রা অঞ্চলের অন্তর্ভুক্ত নয়?
ক. ফ্রান্স খ. জার্মানি গ. ইতালি ঘ. যুক্তরাজ্য

ব্যাখ্যা: ইউরোপীয় ইউনিয়নভুক্ত যে সব দেশ এখনও ইউরো মুদ্রা চালু করেনি - যুক্তরাজ্য, ডেনমার্ক, সুইডেন, চেক প্রজাতন্ত্র, হাঙ্গেরি, পোল্যান্ড, বুলগেরিয়া, রোমানিয়া ও ক্রোয়েশিয়া।
- ইউরোপীয় ইউনিয়নে বর্তমান সদস্য সংখ্যা - ২৮টি
- ইউরো মুদ্রা ব্যবহার কারী দেশ - ১৯টি

সঠিক উত্তর ঃ ঘ.

৯. ব্রিকস ব্যাংকে এর বর্তমান নাম কী?
ক. এশীয় উন্নয়ন ব্যাংক খ. নয়া উন্নয়ন ব্যাংক
গ. এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক ঘ. নয়া সহস্রাব্দ ব্যাংক

ব্যাখ্যা: BRICS গঠিত ব্যাংকের নাম - New Development Bank (NDB)
- সদর দপ্তর - সাংহাই, চীন।

সঠিক উত্তর ঃ খ.

১০. কোন যুদ্ধের পরে হংকং-এ ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হয়?
ক. বক্সার যুদ্ধ খ. আফিম যুদ্ধ গ. এট্রিশন যুদ্ধ ঘ. জল যুদ্ধ

ব্যাখ্যা:
- ১৮৩৯ সালে সংঘটিত অফিম যুদ্ধের পর ১৮৪১ সালে ব্রিটিশ বাহিনী হংকং দখল করে।
- ১লা জুলাই ১৯৯৭ - তে যুক্তরাষ্ট্র হংকং এর দায়িত্ব চীনের কাছে হস্তান্তর করে।

সঠিক উত্তর ঃ খ.

১১. কোন ইংরেজ ভাইসরয় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন?
ক. লর্ড মিন্টো খ. লর্ড কার্জন গ. লর্ড হার্ডিঞ্জ ঘ. লর্ড চেমসফোর্ড

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গঠিত হয় - নাথান কমিশন।
- ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাক্ট পাস হয় - ১৩ মার্চ ১৯২০।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় - ১ জুলাই ১৯২১।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন - লর্ড হার্ডিঞ্জ।
- প্রতিষ্ঠাকালীন অনুষদ ছিল - ৩টি।
- প্রতিষ্ঠাকালীন ভিসি - প্রফেসর জি এইচ ল্যাংলি।
- প্রতিষ্ঠাকালীন হল - ৩টি - সলিমুল্লাহ হল, জগন্নাথ হল, শহীদুল্লাহ হল।

সঠিক উত্তর ঃ গ.

১২. সম্পতি গ্রিসে গণভোট অনুষ্ঠিত হওয়ার প্রধান কারণ কী?
ক. ঋণ সংকট মোকাবেলা খ. ইউরো জোন ত্যাগ
গ. ইইউ ত্যাগ ঘ. সরকারের পতন

ব্যাখ্যা: গ্রীসে ঋণ সংকট মোকাবেলার এক প্রশ্নে ৫ জুলাই ২০১৫ তে গণভোট অনুষ্ঠিত হয়।
সঠিক উত্তর ঃ ক.

১৩. সিরীয় শিশু আইলান কুর্দি কোথায় মৃত্যুবরণ করে?
ক. বাল্টিক সাগর খ. ক্যাসপিয়ান সাগর
গ. ভূমধ্য সাগর ঘ. ভারত মহাসাগর

ব্যাখ্যা: অভিবাসী হয়ে ইউরোপ পাড়ি দেওয়ার কালে মারা যায় সিরিয়ার কুর্দিস্থানের আইলান কুর্দি, তার লাশ পাওয়া যায় ভূমধ্যসাগরের তীরে।
সঠিক উত্তর ঃ গ.

১৪. 'ওয়ান বেল্ট, ওয়ান রোড'- এর প্রস্তাব কোন দেশ করেছে?
ক. যুক্তরাষ্ট্র খ. চীন গ. ভারত ঘ. রাশিয়া

ব্যাখ্যা: চীনের প্রস্তাবিত 'সিল্ক রোড ইকোনমিক বেল্ট' এর অপর নাম - One Belt, One Road
এই রোডটি চীনের সাথে ইউরোশিয়া সংযোগ করবে।
সঠিক উত্তর ঃ খ.

১৫. নিখোঁজ বিমান এমএইচ-৩৭০ এর ধ্বংসাবশেষের সন্ধান পাওয়া যায়-
ক. রিইউনিয়ন দ্বীপে খ. সান্তা ক্রজে গ. জেমস দ্বীপে ঘ. বার্টলম দ্বীপে

ব্যাখ্যা: মালেশিয়ান এয়ারলাইন্সের MH 370 বিমানটি নিখোঁজ হয় ৮ মার্চ ২০১৪। সম্প্রতি এর ধ্বংসাবশেষ পাওয়া যায় ফ্রান্সের রিইনিউন দ্বীপে।
সঠিক উত্তর ঃ ক.

১৬. 'এজেন্ডা ২১' কোন বিশ্ব সংস্থা গ্রহণ করে?
ক. বিশ্ব ব্যাংক খ. এডিবি গ. ডাব্লিউটিও ঘ. জাতিসংঘ

ব্যাখ্যা: ১৯৯২ সালে ব্রাজিলের রিওডি জেনিরোতে জাতিসংঘের Earth Summit এ Agenda 21 গৃহিত হয়।
সঠিক উত্তর ঃ ঘ.

১৭. মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন বিখ্যাত হয়েছিলেন কেন?
ক. ১৪ দফা ঘোষণা খ. স্টেচু অব লিবার্টি বক্তৃতা
গ. অ-হস্তক্ষেপ তত্ত্ব ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: বিশ্ব শান্তির লক্ষে জানুয়ারী ৮, ১৯১৮ সালে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে তৎকালিন প্রেসিডেন্ট উড্রো উইলসন ১৪ দফা ঘোষনা করেছিলেন।
- ১৯১৯ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার পান।

সঠিক উত্তর ঃ ক.

১৮. সিডও সনদের মোট কয়টি ধারা?
ক. ২৫ খ. ২০ গ. ২৮ ঘ. ৩০

ব্যাখ্যা:
- CEDAW হল নারী অধিকারের দলিল।
- এর ধারা হল - ৩০টি।
- CEDAW গৃহিত হয় ১৮ ডিসেম্বর ১৯৭৯, জাতিসংঘ সাধারণ পরিষদে।
- বাংলাদেশ ৬ নভেম্বর ১৯৮৪ তে সিডও অনুমোদন করে।

সঠিক উত্তর ঃ ঘ.

১৯. ইরান পরমাণু চুক্তি স্বাক্ষর করেছে কোন পক্ষের সঙ্গে?
ক. পি৫ + ১ খ. পি৫ + ২ গ. পি৫ + ৩ ঘ. পি৫

ব্যাখ্যা: P5+1 হল জাতিসংঘের নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্য দেশ ও জার্মানীর সাথে ইরানের পরামাণু অস্ত্র বিষয়ক চুক্তি।
- ২ এপ্রিল ২০১৫তে এ চুক্তি সম্পাদিত হয়।

সঠিক উত্তর ঃ ক.

২০. সুবিক বে কোথায়?
ক. ক্যারিবীয় অঞ্চলে খ. মধ্য ইউরোপে গ. মধ্য প্রাচ্যে ঘ. দক্ষিণ-পূর্ব এশিয়ায়

ব্যাখ্যা: সুবিক বে ফিলিপাইনের অধিভূক্ত একটি উপসাগর, এটি আগে যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর ঘাঁটি ছিল।
সঠিক উত্তর ঃ ঘ.

২১. কোন দেশ এ বছর তার স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদ্‌যাপন করছে?
ক. মালেয়েশিয়া খ. ইন্দোনেশিয়া গ. সিঙ্গাপুর ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যা: ৯ আগস্ট ১৯৬৫ তে সিঙ্গাপুর মালেশিয়া থেকে স্বাধীনতা লাভ করে।
- লি কুন ইউ সিঙ্গাপুরের প্রথম প্রধানমন্ত্রী।
- ২০১৫ সালে সিঙ্গাপুর স্বাধীনতার ৫০তম বর্ষ উদযাপন করে।

সঠিক উত্তর ঃ গ.

২২. 'ব্ল্যাক মানডে' কিসের সঙ্গে সম্পর্কিত?
ক. রাজনীতি খ. পরিবেশ গ. স্টক মার্কেট ঘ. সন্ত্রাসবাদ

ব্যাখ্যা: ১৯৮৭ সালের ২৯ আক্টোবর বিশ্ব শেয়ার বাজারে মারাত্মক এক ধস নামে। এই ধস কে ব্ল্যাক মানডে বলে।
সঠিক উত্তর ঃ গ.

২৩. ইউরোপের সাম্প্রতিক চলমান সংকট হচ্ছে-
ক. অর্থনৈতিক সংকট খ. অভিবাসী সংকট গ. জাতিগত সংকট ঘ. পানি সংকট

ব্যাখ্যা: সিরিয়া, ইরাক, ইয়েমেন সহ মধ্যপ্রাচ্যে চলমান সহিষ্ণুতার কারণে মধ্য প্রাচ্যের বিপুল জনগণ অভিবাসী হয়ে সাগর পাড়ি দিয়ে ইউরোপে পাড়ি জমাচ্ছে, এই অভিবাসী সমস্যা বর্তমান ইউরোপের অন্যতম বৃহৎ সমস্যা।
সঠিক উত্তর ঃ খ.

২৪. 'স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব' কোন বিপ্লবের ভিত্তি ছিল?
ক. ফরাসী বিপ্লব খ. মার্কিন বিপ্লব গ. রুশ বিপ্লব ঘ. চীন বিপ্লব

ব্যাখ্যা:
- 'স্বাধীনতা, সাম্য ও ভ্রাতৃত্ব' - ফরাসি বিপ্লবের মূলমন্ত্র ছিল।
- ফরাসি বিপ্লবের সূচনা হয় - বাস্তিল দুর্গ আক্রমনের মধ্য দিয়ে।
- ফরাসি বিপ্লব সংগঠিত হয় - ১৪ জুলাই ১৭৮৯ সালে।
- ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন - ষোড়শ লুই।

সঠিক উত্তর ঃ ক.

২৫. প্রিস্টিনা কোন দেশের রাজধানী?
ক. ক্রোশিয়া খ. কসোভো গ. মেসিডোনিয়া ঘ. জর্জিয়া

ব্যাখ্যা:
- ১৭ ফেব্রুয়ারী ২০০৮ এ কসোভো স্বাধীনতা ঘোষনা করে।
- কসোভো সার্বিয়ার অধীনে ছিল।
- রাজধানী - প্রিস্টিনা।

সঠিক উত্তর ঃ খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার